পূবালী বার্তা

## বার্ষিক ব্যবস্থাপক সম্মেলন- ২০১৩ অনুষ্ঠিত




সেবার মান বৃদ্ধির মাধ্যমে ব্যাংকের ব্যবসা সম্প্রসারণে পূবালী ব্যাংকের সকল ব্যবস্থাপকদের উৎসাহিত করার লক্ষ্যে কক্সবাজারের হোটেল ওশান প্যারাডাইজ এ গত ০৯/০২/২০১৩ ইং তারিখ হতে পূবালী ব্যাংক লিমিটেডের দুইদিন-ব্যাপী 'বার্ষিক ব্যবস্থাপক সম্মেলন ২০১৩' অনুষ্ঠিত হয়। পূবালী ব্যাংকের দেশব্যাপী ৪১৯ টি শাখার ব্যবস্থাপক, সকল অঞ্চল প্রধান ও প্রধান কার্যালয়ের নির্বাহীবৃন্দের অংশগ্রহণে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার এমপি এবং সভাপতিত্ব করেন ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী ।

সম্মেলনে পরিচালকবৃন্দ সৈয়দ মোয়াজ্জেম হুসাইন, এম. ফয়জুর রহমান, আহমদ শফি চৌধুরী, ফাহিম আহমদ ফারুক চৌধুরী, মিসেস রোমানা শরীফ, মোস্তফা শাহরিয়ার আহমদ, আজিজুর রহমান, স্বতন্ত্র পরিচালক ড. শাহদীন মালিক, বিকল্প পরিচালক কবিরুজ্জামান ইয়াকুব ও বিকল্প পরিচালক সাবির আহমেদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে হাফিজ আহমদ মজুমদার এমপি উন্নততর ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে ব্যাংকের আমানত, অগ্রীম ও আমদানী-রপ্তানী ব্যবসা সম্প্রসারণের জন্য আহ্বান জানান। প্রতিযোগিতামূলক ব্যাংকিং এর ক্ষেত্রে ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি সকলকে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করার পরামর্শ দেন। তিনি তরুণ প্রজন্মকে কর্মক্ষেত্রে উৎসাহিত করার পাশাপাশি তাদেরকে দায়িত্বশীল হতে এবং বৈশ্বিক জ্ঞান আহরণের জন্য উপদেশ দেন।

কর্মক্ষেত্রে উৎসাহ বৃদ্ধির লক্ষ্যে ২০১২ সালে বিশেষ সাফল্যের জন্য চারটি বিভাগে প্রধান অতিথি পদক প্রদান করেন। সাফল্য অর্জনকারী শ্রেষ্ঠ শাখা ব্যবস্থাপক (১০ জন ব্যবস্থাপককে মোটর সাইকেল প্রদান), শীর্ষ বৈদেশিক মুদ্রা গ্রহণকারী শাখা ব্যবস্থাপক (শীর্ষ ১০টি শাখার ব্যবস্থাপককে পদক প্রদান), অগ্রীম, আমানত ও মুনাফা অর্জনকারী শ্রেষ্ঠ শাখা ব্যবস্থাপক (লক্ষ্য পূরণকারী ২৪ জন শ্রেষ্ঠ ব্যবস্থাপককে পদক

*এরপর পৃষ্ঠা ২ কলাম ১*





## মানসম্মত আমদানী ও রফতানী ব্যবসা বৃদ্ধিতে পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের আহ্বান

পূবালী ব্যাংক লিমিটেড বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের শাখা সমূহের ১ম শাখা ব্যবস্থাপক সম্মেলন-২০১৩ গত ২৪/০২/২০১৩ ইং তারিখে চট্টগ্রামের একটি হোটেলে অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী। সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এম.এ. হালিম চৌধুরী এবং চীফ টেকনিক্যাল অফিসার ও মহাব্যবস্থাপক মোহাম্মদ আলী। সম্মেলনে সভাপতিত্ব করেন উপ-ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী।

ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী তাঁর বক্তব্যে ভালো ঋণ গ্রহীতা নির্বাচন করে নতুন ঋণ প্রদান এবং ব্যাংকের ব্যবসা বৃদ্ধির জন্য শাখা ব্যবস্থাপকদের প্রতি আহ্বান জানান। খেলাপী ঋণ, শ্রেণীকৃত এবং অবলোপনকৃত ঋণ আদায়ে সচেষ্ট হতে এবং নতুনভাবে কোন ঋণ যাতে কোন অবস্থাতেই খেলাপী বা শ্রেণীভুক্ত না হয় সে দিকে সকল শাখা ব্যবস্থাপকদের বিশেষ নজরদারি ও নিবিড় তত্ত্বাবধানের জন্য তিনি নির্দেশ প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক আরো বলেন, ব্যাংকের বৈদেশিক বাণিজ্য ব্যবসা আরো অধিকতর মাত্রায় সম্প্রসারণের সুযোগ আছে, তা অর্জনের জন্য তিনি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে পরামর্শ ও তাগিদ প্রদান করেন। তিনি আমদানী ও রফতানী কর্মকান্ডে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ এবং আধুনিক তথ্য প্রযুক্তির অধিকতর ব্যবহারের মাধ্যমে ব্যাংকের রেমিট্যান্স ব্যবসা বাড়ানোর উপরও জোর দেন যাতে বিদ্যমান প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে পূবালী ব্যাংকের অগ্রযাত্রা অব্যাহত থাকে। পরিশেষে

*এরপর পৃষ্ঠা ২ কলাম ২*




### ঘোষণা

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী চলতি মে-২০১৩ সংখ্যা হতে পূবালী বার্তা বাংলায় প্রকাশিত হচ্ছে।

## অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানদের প্রথম সম্মেলন-২০১৩ অনুষ্ঠিত




পূবালী ব্যাংক লিমিটেড এর অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানদের প্রথম সম্মেলন-২০১৩ ব্যাংকের প্রধান কার্যালয়ের বোর্ড রুমে গত ১০ জানুয়ারি ২০১৩ অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার এমপি। সভাপতিত্ব করেন ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী। পূবালী ব্যাংকের পরিচালকবৃন্দ সৈয়দ মোয়াজ্জেম হুসাইন, আহমদ শফি চৌধুরী, মোস্তফা শাহরিয়ার আহমদ, বিকল্প পরিচালক কবিরুজ্জামান ইয়াকুব, স্বতন্ত্র পরিচালক খুরশীদ-উল-আলম সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সম্মেলনে পূবালী ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এম.এ. হালিম চৌধুরী, উপ-ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী এবং প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ, সকল অঞ্চল ব্যবস্থাপক ও কর্পোরেট শাখা প্রধান এবং উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে হাফিজ আহমদ মজুমদার এমপি উন্নততর ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে আমদানী-রপ্তানী ব্যবসা সম্প্রসারণের জন্য আহ্বান জানান। তিনি বলেন, প্রতিযোগিতামূলক ব্যাংকিং এর ক্ষেত্রে ব্যাংকের সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে। তিনি পূবালী ব্যাংকের দক্ষ ও অভিজ্ঞ মানবসম্পদকে যথাযথ ব্যবহারের মাধ্যমে ব্যাংকের ব্যবসা উন্নয়নের পরামর্শ দেন। পরিশেষে ২০১৩ সালের ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি সকলকে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করার পরামর্শ দেন।

পরিচালকবৃন্দ তাঁদের বক্তব্যে আধুনিক তথ্য প্রযুক্তির অধিকতর ব্যবহার এবং উন্নততর গ্রাহকসেবার মাধ্যমে ব্যাংকের ব্যবসা বৃদ্ধির জোর তাগিদ দেন যাতে বিদ্যমান প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে পূবালী ব্যাংক এর অগ্রযাত্রা অব্যাহত থাকে।

*এরপর পৃষ্ঠা ২ কলাম ১*



## পূবালী ব্যাংক ৪র্থ গলফ টুর্নামেন্ট অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেডের পৃষ্ঠপোষকতায় গত ১৮/০১/২০১৩ ইং তারিখে পূবালী ব্যাংক ৪র্থ গলফ টুর্নামেন্ট ২০১৩ ভাটিয়ারী গল্‌ফ এন্ড কান্ট্রি ক্লাব, চট্টগ্রামে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন ভাটিয়ারী গল্‌ফ এন্ড কান্ট্রি ক্লাব (গল্‌ফ উইং) এর ভাইস প্রেসিডেন্ট মহসিন আহমেদ। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের পরিচালক ও নির্বাহী কমিটির চেয়ারম্যান সৈয়দ মোয়াজ্জেম হুসাইন।

অনুষ্ঠানে পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের পরিচালক আহমদ শফি চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী, উপ-ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী, চীফ টেকনিক্যাল অফিসার ও মহাব্যবস্থাপক মোহাম্মদ আলী উপস্থিত ছিলেন।

টুর্নামেন্টে ৪ জন মহিলা, ১৫ জন জুনিয়র গল্ফারসহ মোট ১২৮ জন দেশী-বিদেশী গল্ফার অংশ গ্রহণ করেন।

প্রধান অতিথি মহসিন আহমেদ এই টুর্নামেন্ট আয়োজনের জন্য পূবালী ব্যাংককে ধন্যবাদ জানান। তিনি বলেন, ক্রীড়া ক্ষেত্রে পূবালী ব্যাংকের সম্পৃক্ততা বাংলাদেশের ক্রীড়াঙ্গনের উন্নয়নে ভুমিকা রাখবে। তিনি পূবালী ব্যাংকের বিভিন্ন বাণিজ্যিক কর্মকান্ড এবং সামাজিক দায়বদ্ধতার ভূয়সী প্রশংসা করেন।

পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের পরিচালক ও নির্বাহী কমিটির চেয়ারম্যান সৈয়দ মোয়াজ্জেম হুসাইন বলেন, পূবালী ব্যাংক শুধু মুনাফা অর্জন করার জন্যই ব্যবসা করেনা, এর বাহিরে সামাজিক দায়িত্ববোধও রয়েছে। এরই প্রেক্ষিতে দেশের ক্রীড়াঙ্গনের পৃষ্ঠপোষকতায় পূবালী ব্যাংক এগিয়ে এসেছে।

পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী বলেন, বাংলাদেশের ক্রীড়াঙ্গনকে সমৃদ্ধ করে গড়ে তুলতে প্রয়োজন বিভিন্ন মহলের পৃষ্ঠপোষকতা। তিনি শিক্ষা, চিকিৎসা, ক্রীড়া ও সামাজিক উন্নয়নে পূবালী ব্যাংকের বিভিন্ন কর্মসূচীর কথা উলেস্নখ করে বলেন, পূবালী ব্যাংকের এই কার্যক্রম অব্যাহত থাকবে। তিনি সফল ও সুন্দর গলফ টুর্নামেন্ট আয়োজনের জন্য ভাটিয়ারী গল্‌ফ এন্ড কান্ট্রি ক্লাব কর্তৃপক্ষ এবং অংশগ্রহণকারী সকল গল্ফার' কে ধন্যবাদ জ্ঞাপন করেন।

## বার্ষিক ব্যবস্থাপক সম্মেলন- ২০১৩ অনুষ্ঠিত .......... প্রথম পৃষ্ঠার পর

প্রদান) ও ১০ কোটি টাকা ও তদুর্ধ পরিমাণে মুনাফা অর্জনকারী শাখা ব্যবস্থাপককে (০৮ টি শাখাকে পদক প্রদান) এই পদক প্রদান করা হয়।

পরিচালকবৃন্দ তাঁদের বক্তব্যে আধুনিক তথ্য প্রযুক্তির অধিকতর ব্যবহারের মাধ্যমে উন্নততর গ্রাহকসেবা দিয়ে ব্যাংকের ব্যবসা বৃদ্ধির জোর তাগিদ দেন যাতে বিদ্যমান প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে পূবালী ব্যাংক এর অবস্থান সুদৃঢ় থাকে।

ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী বলেন, অর্ধশতাধিক কাল ধরে ব্যাংকিং জগতে বিচরণ করে পূবালী ব্যাংক সকল জরাজীর্ণতাকে মুছে ফেলে কঠোর পরিশ্রমের মাধ্যমে সুষ্ঠুভাবে নিজস্ব অবস্থানকে সুদৃঢ় করতে পেরেছে। তিনি ২০১৩ সালের মধ্যেই পূবালী ব্যাংকের সকল শাখা online কার্যক্রমের আওতায় আসবে এবং ব্যাংকটিকে একটি international standard ব্যাংকে পরিণত করা সম্ভব হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি খেলাপী ঋণ, শ্রেণীকৃত এবং অবলোপনকৃত ঋণ আদায়ে সচেষ্ট হতে এবং নতুনভাবে কোন ঋণ যাতে কোন অবস্থাতেই খেলাপী বা শ্রেণীভুক্ত না হয় সে দিকে সকল শাখা ব্যবস্থাপকদের বিশেষ নজরদারি ও নিবিড় তত্ত্বাবধানের জন্য নির্দেশ প্রদান করেন।

সম্মেলনে পূবালী ব্যাংক লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এম.এ. হালিম চৌধুরী ও উপ-ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী এবং প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ ও উর্ধতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পূবালী ব্যাংক লিমিটেডের চীফ টেকনিক্যাল অফিসার ও সাধারণ সেবা ও উন্নয়ন বিভাগের মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ আলী ।

## অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানদের প্রথম সম্মেলন-২০১৩ অনুষ্ঠিত

.......... প্রথম পৃষ্ঠার পর

সভাপতির বক্তব্যে হেলাল আহমদ চৌধুরী ভালো ঋণ গ্রহীতা নির্বাচন করে নতুন ঋণ প্রদান এবং ব্যাংকের ব্যবসা বৃদ্ধির জন্য অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানদের প্রতি আহ্বান জানান। খেলাপী ঋণ, শ্রেণীকৃত এবং অবলোপনকৃত ঋণ আদায়ে সচেষ্ট হতে এবং নতুনভাবে কোন ঋণ যাতে কোন অবস্থাতেই খেলাপী বা শ্রেণীভুক্ত না হয় সে দিকে সকল অঞ্চল প্রধানকে বিশেষ নজরদারি ও নিবিড় তত্ত্বাবধানের জন্য তিনি নির্দেশ প্রদান করেন। তিনি বাংলাদেশ ব্যাংক ও নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠানের নিয়ম-নীতি মেনে চলার মাধ্যমে ব্যাংকিং পরিচালনার জন্য নির্দেশ প্রদান করেন।

সম্মেলনে ব্যাংকের ২০১৩ সালে ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের বিভিন্ন কৌশল ও দিক নিয়ে আলোচনা করা হয়।

সভায় স্বাগত বক্তব্য রাখেন পূবালী ব্যাংক লিমিটেডের চীফ টেকনিক্যাল অফিসার ও সাধারণ সেবা ও উন্নয়ন বিভাগের মহাব্যবস্থাপক মোহাম্মদ আলী।

## ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট'কে মাইক্রোবাস উপহার .......... শেষ পৃষ্ঠার পর

ব্যাংক একটি মাইক্রোবাস উপহার হিসেবে প্রদান করেছে। তিনি শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক উন্নয়নে পূবালী ব্যাংকের বিভিন্ন কর্মসূচীর কথা উলেস্নখ করে বলেন, পূবালী ব্যাংকের এই কার্যক্রম অব্যাহত থাকবে। ঢাকা শিশুপার্ক শাখার সহকারী মহাব্যবস্থাপক আব্দুল হক শিকদার এবং উভয় প্রতিষ্ঠানের উর্ধতন কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## ২০ কোটি টাকার মেয়াদী ঋণ চুক্তি স্বাক্ষরি .......... শেষ পৃষ্ঠার পর

এই ঋণ প্রদানের জন্য পূবালী ব্যাংককে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ভবিষ্যতে এই সম্পর্কের ক্ষেত্রটি আরো বিস্তৃত হবে বলে আশা ব্যক্ত করেন।

## মানসম্মত আমদানী ও রফতানী ব্যবসা বৃদ্ধিতে পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের আহ্বান

.......... প্রথম পৃষ্ঠার পর

তিনি ২০১৩ সালে চট্টগ্রাম অঞ্চলের শাখাসমূহের ব্যাংক নির্ধারিত লক্ষ্যমাত্রা পূরণের জন্য দিক নির্দেশনা দেন এবং এ ব্যাপারে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের আহ্বান জানান।

## আমেনা-বাকী ফাউন্ডেশন (এবি ফাউন্ডেশন) কে ৫ লক্ষ টাকা অনুদান .......... শেষ পৃষ্ঠার পর

কার্যক্রম অব্যাহত থাকবে। ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী তাঁর বক্তব্যে বলেন, এবি ফাউন্ডেশন জনকল্যাণে কাজ করে চলেছে। শুধুমাত্র মুনাফার জন্যে নয়, জনকল্যাণমূলক কাজে পূবালী ব্যাংক লিমিটেড বিভিন্ন সময়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে এবং আর্ত-মানবতার সেবায় কাজ করে যাচ্ছে। শিক্ষা-চিকিৎসা খাতে অনুদান ছাড়াও অসহায় গরীবদের চিকিৎসা সেবা এবং জাতীয় দুর্যোগে অসহায় লোকদের সহযোগিতাসহ বিভিন্ন সামাজিক কর্মসূচীতে পূবালী ব্যাংক অগ্রণী ভূমিকা পালন করছে।

## ধর্মঘর শাখা নতুন ভবনে স্থানান্তর



হবিগঞ্জ জেলার অন্তর্গত ধর্মঘর বাজারে পূবালী ব্যাংক লিঃ ধর্মঘর শাখাটি উন্নত ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদান করার লক্ষ্যে গত ১৬ এপ্রিল ২০১৩ ইং তারিখে নতুন আঙ্গিকে নতুন ভবনে স্থানান্তর করা হয়। ব্যাংকের মৌলভীবাজার অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক জনাব আহ্মদ এনায়েত মঞ্জুর শাখাটির নতুন ভবনের দ্বারোদঘাটন করেন।



## শোক বার্তা

পূবালী ব্যাংক লিমিটেড এলিফেন্ট রোড শাখা ঢাকা-এর সহকারী মহাব্যবস্থাপক জনাব এ কে এম রেজাউল হক শাখা ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব থাকাকালীন মস্তিস্কে রক্তক্ষরণ জনিত কারণে গত ২৬/০২/২০১৩ ইং তারিখে ইউনাইটেড হাসপাতালে ইন্তেকাল করেন। (ইন্নালিলাহে ওয়া ইন্না ইলাহী রাজিউন)

পূবালী ব্যাংক লিমিটেডের প্রধান কার্যালয়ে মরহুমের নামাজে জানাজা শেষে মৃতদেহ তার নিজ গ্রামের বাড়ি জামালপুরে দাফন করা হয়। জনাব রেজাউল হকের অকাল মৃত্যুতে পূবালী পরিবার গভীর শোক প্রকাশ করছে। জনাব রেজাউল হক ১৯৭১ সালের ১লা জুন জামালপুর জেলায় জন্মগ্রহন করেন। তিনি ১৯৯৭ সনে প্রবেশনারী সিনিয়র অফিসার হিসেবে পূবালী ব্যাংক লিমিটেডে যোগদান করে। চাকুরিজীবনে তিনি অত্যন্ত দক্ষতা ও সফলতার সাথে দায়িত্ব পালন করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও দুই কন্যা রেখে গেছেন।



## মৌলভীবাজারে ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময়

২৫ মার্চ ২০১৩ রোজ সোমবার মৌলভীবাজারে নারী উদ্যোক্তা মেলা ২০১৩ উপলক্ষে ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানটি ব্যাংক অফিসার্স ক্লাব মৌলভীবাজার এর সহযোগিতায় মৌলভীবাজারের পৌরসভা অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংক এর এসএমই এন্ড স্পেশাল বিভাগের জি.এম. সুকোমল সিংহ চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাঃ, মৌলভীবাজার এর ভারপ্রাপ্ত সভাপতি কামাল হোসেন। উক্ত মত বিনিময় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সোনালী ব্যাংক লিঃ এর উপ-মহাব্যবস্থাপক রনধীর চন্দ্র দাস। পূবালী ব্যাংক লিঃ এর আইন কর্মকর্তা ও আঞ্চলিক ঋণ প্রশাসক এবং ব্যাংক অফিসার্স ক্লাব মৌলভীবাজার এর সহ-সভাপতি মোঃ আবু তাহের এর সঞ্চালনায় মত বিনিময় অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংক এর যুগ্ম পরিচালক এস.এম.মোহসীন হোসাইন, পূবালী ব্যাংক লিঃ এর মৌলভীবাজার অঞ্চলের অঞ্চল প্রধান আহ্মদ এনায়েত মঞ্জুর, রূপালী ব্যাংক লিঃ এর অঞ্চল প্রধান এবাদুর রহমান, সোনালী ব্যাংক লিঃ বৈদেশিক বাণিজ্যিক শাখা মৌলভীবাজার এর ব্যবস্থাপক এইচ.এম.মোস্তাক আহ্মদ এবং সিটি ব্যাংক লিঃ মৌলভীবাজার শাখার ব্যবস্থাপক ও ব্যাংক অফিসার্স ক্লাব মৌলভীবাজার এর সাধারণ সম্পাদক মোঃ হূমায়ূন কবির। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বকশী ইকবাল, ইন্টারপ্রিনিয়ার এসোসিয়েশন এর সভাপতি সেনা সিংহ দীপু ও সহ-সভাপতি স্মিতা চৌধুরী। নারী উদ্যোক্তাদের পক্ষ থেকে বক্তব্য রাখেন স্থানীয় মেসার্স দীপশিখা ইনফার্টিলিটি কেয়ার এন্ড কাউন্সেলিং সেন্টার এর প্রোপাইটর দীপশিখা ধর। বক্তাগণ নারী উদ্যোক্তাদের আরও বেশি এস.এম.ই ঋণ প্রদানের মাধ্যমে দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করতে আহবান জানান।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে এস.এম.ই ঋণ প্রদান/গ্রহন এর মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে ব্যাংকার, উদ্যোক্তা, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাঃ এবং মিডিয়া সকলের সম্মিলিত প্রচেষ্টার উপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে প্রকাশ্যে ঋণ বিতরণ পর্বে পূবালী ব্যাংক লিঃ কর্তৃক মেসার্স দীপশিখা ইনফার্টিলিটি কেয়ার এন্ড কাউন্সেলিং সেন্টার এর প্রোপাইটর দীপশিখা ধরকে ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা এবং সোনালী ব্যাংক লিঃ কর্তৃক ৩ জন নারী উদ্যোক্তাকে মোট ১,৭৫,০০০/- (এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকা এস.এম.ই ঋণ প্রদান করা হয়।

## বার্ষিক বনভোজন-২০১৩





গত ২৯/০৪/২০১৩ ইং তারিখে নরসিংদী জেলার ড্রীম হলিডে পার্কে পূবালী ব্যাংক লিমিটেডের আইটি ডিভিশন, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ডিভিশন, জেনারেল সার্ভিসেস এন্ড ডেভেলপমেন্ট ডিভিশন এবং পাবলিক রিলেশন সেল-এর যৌথ উদ্যোগে বার্ষিক বনভোজনের আয়োজন করা হয়। উক্ত বনভোজনে সপরিবারে অংশগ্রহণ করেন সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক , অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এবং মহা-ব্যবস্থাপক ও চীফ টেকনিক্যাল অফিসার সহ উলিস্নখিত বিভাগসমূহের কর্মকর্তাবৃন্দ।

দিনব্যাপী এ বনভোজনের মূল আকর্ষন ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান , বাচ্চাদের খেলাধুলা ও র‍্যাফেল ড্র যেখানে পুরস্কার বিতরণ করেন ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সহধর্মিনী মিসেস দিল আফরোজ চৌধুরী, তাকে সহযোগিতা করেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সহধর্মিনী মিসেস রহিমা আকতার চৌধুরী এবং জিএম ও সিটিও মহোদয়ের সহধর্মিনী ডাঃ শামীমা ইউসুফ।





পূবালী লীজ ফাইন্যান্সিং
যদি লক্ষ্য থাকে স্বপ্ন জয়
পূবালী'র লীজ ফিন্যান্সে সম্ভব হয়

## এস এম ই অর্থায়ন বিষয়ক কর্মশালা




গত ১ ফেব্রুয়ারী ২০১৩ মৌলভীবাজার শাখায় মৌলভীবাজার অঞ্চলের ৩৩ টি শাখার ব্যবস্থাপক ও লোন অফিসারদের নিয়ে মৌলভীবাজার অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক জনাব মোঃ মামুন বখত-এর সভাপতিত্বে এস এম ই অর্থায়ন বিষয়ক দিনব্যাপী এক কর্মশালা অনুষ্ঠিত হয়। মৌলভীবাজার অঞ্চলের আঞ্চলিক কার্যালয় কর্মশালাটির আয়োজন করে।

উক্ত কর্মশালায় প্রধান অতিথি এবং প্রধান রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন অত্র ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব এম এ হালিম চৌধুরী। অন্যান্য রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন প্রধান কার্যালয়ের ঋণ বিভাগের মহাব্যবস্থাপক জনাব প্রতীক করিম, সহকারী মহাব্যবস্থাপক জনাব দাম কমল কুমার, কর্মকর্তা মোঃ শরিফুল ইসলাম এবং শ্রীমঙ্গল শাখার ব্যবস্থাপক জনাব মোঃ মনিরুল ইসলাম।

কর্মশালায় অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব এম এ হালিম চৌধুরী মৌলভীবাজার অঞ্চলের এস এম ই অর্থায়নে উলেস্নখযোগ্য অগ্রগতির জন্য আঞ্চলিক ব্যবস্থাপক সহ সংশিস্নষ্ট সকল কর্মকর্তাদের ধন্যবাদ জানান। একই সাথে তিনি এস এম ই অর্থায়ন সংক্রান্ত সকল নিয়ম কানুন যথাযথ ভাবে পরিপালনের নির্দেশ দেন। ঋণ বিভাগের মহাব্যবস্থাপক জনাব প্রতীক করিম এস এম ই অর্থায়ন ও ঋণ সংক্রান্ত সকল ফাইল আপডেট রাখার উপদেশ দেন।

## জাতীয় এস এম ই মেলা-২০১৩



সম্প্রতি বঙ্গবন্ধু ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে বাংলাদেশ এস এম ই ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত পাঁচদিন ব্যাপী (১২ ফেব্রুয়ারী ২০১৩-১৬ ফেব্রুয়ারী ২০১৩) জাতীয় এস এম ই মেলা-২০১৩ অনুষ্ঠিত হয়। পূবালী ব্যাংক লিমিটেড মেলাটির প্রধান পৃষ্ঠপোষক হিসেবে অংশগ্রহণ করে। মেলাটি উদ্বোধন করেন বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া।

উক্ত মেলায় ১১০ টি এস এম ই প্রতিষ্ঠান তাদের উৎপাদিত বিভিন্ন পণ্য যেমন চামড়াজাত পণ্য, পাটজাত পণ্য, হস্তশিল্প, কৃষিজাত পণ্য, কৃষি প্রক্রিয়াকরণ সম্পর্কিত বিভিন্ন উপাদান, ক্ষুদ্র বৈদ্যুতিক যন্ত্রাংশ, মাঝারি ধরনের মেশিনারী এবং বিভিন্ন বাহারি পোশাক নিয়ে হাজির হয়। পূবালী ব্যাংক লিমিটেড মেলায় আগত দর্শণার্থীদের মাঝে এস এম ই ঋণদান সংক্রান্ত যাবতীয় তথ্য প্রদান এবং পূবালী ব্যাংকের এস এম ই প্রোডাক্ট সম্বলিত ক্ষুদ্র পুস্তিকা বিতরণ করে।



**পূবালী শিক্ষা সঞ্চয় প্রকল্প**

**...শিক্ষাই হোক অর্থনীতির অগ্রগতি**

সীমিত সামর্থ্য যেন আপনার উচ্চ শিক্ষা লাভে প্রতিবন্ধকতা সৃষ্টি না করে সেই লক্ষ্যে পূবালী ব্যাংক-এ রয়েছে শিক্ষা ঋণ প্রকল্প।

পূবালী শিক্ষা ঋণ প্রকল্প একটি জামানত বিহীন প্রকল্প।



## জে এস সি পরীক্ষায় দূর্জয়ের সাফল্য

পূবালী ব্যাংক লিমিটেড রংপুর শাখার সহকারী মহাব্যবস্থাপক জনাব মোঃ নজরুল ইসলামের পুত্র মোঃ সামিউল ইসলাম দূর্জয় ২০১২ ইং সনে অনুষ্ঠিত জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে এস সি ) পরীক্ষায় জিপিএ ৫ (গোল্ডেন ) অর্জন করেছে। সে বগুড়া ফাপোর উচ্চ বিদ্যালয়ের ছাত্র। দূর্জয় ভবিষ্যতে ডাক্তার হয়ে আর্ত মানবতার সেবায় কাজ করতে চায়। সে ও তার অভিভাবক সকলের নিকট দোয়া প্রার্থী।

## পূবালী স্টার নামে নতুন ডিমান্ড লোন প্রবর্তন

পূবালী ব্যাংক লিমিটেডের গবেষণা ও উন্নয়ন বিভাগ সম্প্রতি "পূবালী স্টার" নামে চাকুরিজীবী ও ব্যবসায়ীদের জন্য একটি ডিমান্ড লোন স্কীম চালু করেছে। সরকারী, বেসরকারী ও স্বায়ত্বশাষিত প্রতিষ্ঠানের বেতনভূক্ত চাকুরিজীবী, আত্মকর্মশীল ও ব্যবসায়ীগণ এই স্কীমের আওতায় ১ লক্ষ থেকে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ সুবিধা পাবেন। ৬ মাস থেকে ৫ বছর মেয়াদী এই ঋণের সুদের হার বেতনভূক্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য ১৬% এবং আত্মকর্মশীল ও ব্যবসায়ীদের জন্য ১৬.৫০% তবে পূবালী ব্যাংক লিমিটেড-এ বেতন হিসাবধারীদের জন্য সুদের হার ১% কম হবে।

আগ্রহী ব্যক্তিগণ পূবালী ব্যাংক লিমিটেডের নিকটস্থ যেকোন শাখায় যোগাযোগ করতে পারেন। উলেস্নখ্য যে পূবালী ব্যাংক লিমিটেডের কর্মকর্তা/কর্মচারীগণ এই স্কীমের আওতাধীন নয়।

## সাভার ট্র্যাজেডিতে ক্ষতিগ্রস্তদের পাশে পূবালী ব্যাংক পরিবার

গত ২৫ এপ্রিল ২০১৩ ঢাকার অদূরে সাভারে ঘটে যায় স্মরণকালের ভয়াবহতম ভবন ধসের ঘটনা। ভয়াবহতম এই মানবিক বিপর্যয়ে পূবালী ব্যাংক পরিবার গভীরভাবে শোকাহত ও মর্মাহত। তারই ধারাবাহিকতায় ক্ষতিগ্রস্ত পরিবারবর্গের পাশে দাঁড়াতে পূবালী ব্যাংক লিমিটেডের সকল কর্মকর্তার এক দিনের বেতনের সমপরিমান অর্থ মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে অনুদান হিসেবে প্রদান করা হয়।



## পূবালী ব্যাংক শরী'আহ্ সুপারভাইজরী কমিটির ১১তম সভা অনুষ্ঠিত

ইসলামী শরী'আহ মোতাবেক ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয় নিয়ে পূবালী ব্যাংক লিমিটেডের প্রিন্সিপাল শাখা, ঢাকা ও স্টেডিয়াম শাখা, সিলেটে ইসলামী ব্যাংকিং উইন্ডোর মাধ্যমে ইসলামী ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হচ্ছে। ইসলামী ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় বর্তমান অগ্রগতি সম্পর্কে আলোচনাকল্পে পূবালী ব্যাংক শরী'আহ্ সুপারভাইজরী কমিটির ১১তম সভা পূবালী ব্যাংক প্রধান কার্যালয়ে সাম্প্রতি অনুষ্ঠিত হয়। পূবালী ব্যাংক শরী'আহ্ সুপারভাইজরী কমিটির চেয়ারম্যান এম. আজিজুল হক সভায় সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক শরী'আহ্ সুপারভাইজরী কমিটির সদস্য এবং পূবালী ব্যাংকের পরিচালকবৃন্দ মনির উদ্দিন আহমদ, আহমদ শফি চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী, ইসলামী অর্থনীতিবিদ অধ্যাপক এম মুজাহিদুল ইসলাম, এম. মনসুরুর রহমান, মাওলানা আবদুলাহ বিন সাঈদ জালালাবাদী, মোখলেসুর রহমান, মোহাম্মদ মাহবুবুর রহমান এবং পূবালী ব্যাংক ইসলামী ব্যাংকিং উইং এর প্রধান আব্দুল গোফরান।

সভায় পূবালী ব্যাংকের ইসলামী ব্যাংকিং সম্প্রসারণের পরিকল্পনা ও এর অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পূবালী ব্যাংক ইসলামী ব্যাংকিং বিভাগ ইসলামী ব্যাংকিং এর বর্তমান অবস্থান উপস্থাপন করে। পূবালী ব্যাংক শরী'আহ্ সুপারভাইজরী কমিটি কর্তৃক পূবালী ব্যাংকের ইসলামী ব্যাংকিং এর অগ্রগতি বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়।

## Rationalized Input Templates (RIT) - এর উপর প্রশিক্ষন কর্মশালা




গত ১০/০৪/২০১৩ ইং তারিখে পূবালী ব্যাংক লিমিটেডের প্রধান কার্যালয় মিলনায়তনে আইসিসি ডিভিশনের উদ্যোগে Rationalized Input Templates (RIT) - এর উপর এক প্রশিক্ষন কর্মশালার আয়োজন করা হয় । উক্ত কর্মশালার শুভ উদ্বোধন করেন পূবালী ব্যাংক লিমিটেডের সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক জনাব হেলাল আহমেদ চৌধুরী । অনুষ্ঠানটিতে বিভিন্ন বিভাগের বিভাগ প্রধানগণ উপস্থিত ছিলেন। রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংক ডিবিআই-১ এর উপ-মহাব্যবস্থাপক জনাব আব্দুল মতিন মাহবুব , উপপরিচালক জনাব মনির আহমেদ চৌধুরী এবং আইএসডিডি-এর এ্যাসিসটেন্ট সিস্টেম এনালিস্ট জনাব মোঃ রেজাউল করিম। কর্মশালাটি সঞ্চালন করেন আইসিসি ডিভিশনের উপ-মহাব্যবস্থাপক জনাব নীতিশ কুমার রায়। কর্মশালাটিতে প্রধান কার্যালয় ও বিভিন্ন শাখার সংশিস্নষ্ট কর্মকর্তাবৃন্দ অংশগ্রহন করেন।

অনুষ্ঠানটির সমাপনী ঘোষণা করেন পূবালী ব্যাংক লিমিটেডের সম্মানিত অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব এম এ হালিম চৌধুরী ।



পূবালী বার্তা

## ২০ কোটি টাকার মেয়াদী ঋণ চুক্তি স্বাক্ষরিত




পূবালী ব্যাংক লিমিটেড ও উত্তরা ফিন্যান্স এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড এর মধ্যে ২০ কোটি টাকার একটি মেয়াদী ঋণ চুক্তি পূবালী ব্যাংক প্রধান কার্যালয়ে সম্প্রতি স্বাক্ষরিত হয়। পূবালী ব্যাংকের পক্ষে প্রিন্সিপাল শাখার মহাব্যবস্থাপক মহিউদ্দীন আহমেদ এবং উত্তরা ফিন্যান্স এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক এস.এম. শামসুল আরেফিন চুক্তিতে স্বাক্ষর করেন। পূবালী ব্যাংক লিমিটেড ৫ বছর মেয়াদের জন্য এই ঋণ প্রদান করেছে।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এম.এ. হালিম চৌধুরী, চীফ ফিন্যান্সিয়াল অফিসার সাঈদ আহমেদ এফসিএ, চীফ টেকনিক্যাল অফিসার ও মহাব্যবস্থাপক মোহাম্মদ আলী, কোম্পানী সচিব মোঃ সাঈদ সিকদার, মহাব্যবস্থাপক প্রতীক করিম, প্রিন্সিপাল শাখার উপ-মহাব্যবস্থাপক জাহিদ আহসান ও উত্তরা ফিন্যান্স এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড এর ভাইস-প্রেসিডেন্ট উত্তম কুমার সাহা এবং উভয় প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এই চুক্তি সম্পর্কে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী বলেন, পূবালী ব্যাংক অপেক্ষাকৃত কম সুদে ব্যাংক ভিন্ন অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ঋণ প্রদান করছে। বিভিন্ন শিল্প উদ্যোক্তা ও প্রতিষ্ঠানের প্রতি পূবালী ব্যাংকের এই সহযোগিতামূলক মনোভাব ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে তিনি মন্তব্য করেন।

উত্তরা ফিন্যান্স এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক এস.এম. শামসুল আরেফিন

*এরপর পৃষ্ঠা ২ কলাম ১*

## ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট'কে মাইক্রোবাস উপহার



পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদ সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে সৌহার্দ্য ও সৌজন্যতার নিদর্শনস্বরূপ ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট'কে একটি মাইক্রোবাস উপহার হিসেবে প্রদান করেছে। পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট-এর প্রধান নির্বাহী কর্মকর্তা অধ্যাপক ডাঃ এম. এ. রশীদ এর নিকট আনুষ্ঠানিকভাবে মাইক্রোবাসের চাবি হস্তান্তর করেন।

অনুষ্ঠানে বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি অধ্যাপক এ কে আজাদ খান, মহাসচিব মোঃ সায়েফ উদ্দিন, চীফ কো-অর্ডিনেটর মোহাম্মদ আব্দুল মজিদ পিএইচডি, বারডেম এর মহাপরিচা-লক অধ্যাপক নাজমুন নাহার, পূবালী ব্যাংকের চীফ টেকনিক্যাল অফিসার ও মহাব্যবস্থাপক মোহাম্মদ আলী, পূবালী ব্যাংক ঢাকা কেন্দ্রীয় অঞ্চল প্রধান উপমহাব্যবস্থাপক মোঃ মামুন বখত প্রমুখ উপস্থিত ছিলেন।

অধ্যাপক এ কে আজাদ খান বলেন, দেশের উন্নয়নের জন্য স্বাস্থ্য, শিক্ষা খাতের উন্নয়নের বিকল্প নেই। তিনি পূবালী ব্যাংকের সামাজিক সহায়তা কার্যক্রমের প্রশংসা করেন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন।

ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট-এর প্রধান নির্বাহী কর্মকর্তা অধ্যাপক ডাঃ এম. এ. রশীদ পূবালী ব্যাংকের এই কার্যক্রমের প্রশংসা করে দেশের চিকিৎসাসেবার উন্নয়নে অন্যদেরও এগিয়ে আসার জন্য আহ্বান জানান।

পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী এই উদ্যোগের কথা উলেস্নখ করে বলেন, পূবালী ব্যাংক শুধু মুনাফা অর্জন করার জন্যই ব্যবসা করেনা, এর বাহিরে সামাজিক দায়িত্ববোধও রয়েছে। এরই প্রেক্ষিতে ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট-এর জন্য পূবালী

*এরপর পৃষ্ঠা ২ কলাম ১*

## গ্রীণ ব্যাংকিং এবং পরিবেশগত ঝুঁকি ব্যবস্থাপনা শীর্ষক কর্মশালা



পূবালী ব্যাংক লিঃ আঞ্চলিক কার্যালয় মৌলভীবাজার কর্তৃক গত ২০ এপ্রিল ২০১৩ ইং তারিখ রোজ শনিবার পূবালী ব্যাংক লিঃ শ্রীমঙ্গল শাখায় "গ্রীণ ব্যাংকিং এবং পরিবেশগত ঝুঁকি ব্যবস্থাপনা" শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক লিঃ মৌলভীবাজার অঞ্চলের প্রধান আহ্‌মদ এনায়েত মঞ্জুর। আঞ্চলিক কার্যালয়ের আইন কর্মকর্তা ও আঞ্চলিক ঋণ প্রশাসক মোহাম্মদ আবু তাহের এর পরিচালনায় অনুষ্ঠিত এ কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে নির্ধারিত বিভিন্ন বিষয়ে বক্তব্য রাখেন পূবালী ব্যাংক লিঃ মৌলভীবাজার অঞ্চলের প্রধান আহ্‌মদ এনায়েত মঞ্জুর, প্রধান কার্যালয়ের ঋণ মঞ্জুরী বিভাগের সহকারী মহাব্যবস্থাপক মোঃ নাঈমূল হক, আঞ্চলিক কার্যালয়ের আইন কর্মকর্তা ও আঞ্চলিক ঋণ প্রশাসক মোহাম্মদ আবু তাহের, শ্রীমঙ্গল শাখার ব্যবস্থাপক মোহাম্মদ মনিরুল ইসলাম এবং আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা নুপুর বৈদ্য।

কর্মশালায় পূবালী ব্যাংকের মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার মোট ৩৩ টি শাখার প্রধান ও ঋণ প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাসহ মোট ১০০ জন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

অঞ্চল প্রধান তাঁর বক্তব্যে উলেস্নখ করেন বাংলাদেশ পৃথিবীর জলবায়ু পরিবর্তন জনিত সমস্যা সংকুল দেশগুলোর মধ্যে অন্যতম যদিও বাংলাদেশ পৃথিবীর অন্যান্য উন্নত দেশের তুলনায় নগন্য মাত্রায় গ্রীণ হাউস গ্যাস নির্গমন করে থাকে। কাজেই পরিবেশগত ঝুঁকি মোকাবেলায় গ্রীণ ব্যাংকিং কার্যক্রম একটি যুগোপযোগী পদক্ষেপ। বাংলাদেশ ব্যাংকে ইতোমধ্যে গ্রীণ ব্যাংকিং এবং সি.এস.আর এর আলাদা বিভাগ চালু হয়েছে। এরই ধারাবাহিকতায় পূবালী ব্যাংক লিঃ এর প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ ব্যাংকের গ্রীণ ব্যাংকিং নীতিমালা বাস্তবায়নের অংশ হিসেবেই এই কর্মশালার আয়োজন করা হয়েছে। তিনি আশা প্রকাশ করেন যে, পূবালী ব্যাংক লিঃ মৌলভীবাজার অঞ্চলের ব্যবস্থাপক ও কর্মকর্তাগণ পরিবেশ ঝুঁকি ব্যবস্থাপনা, পরিবেশ বান্ধব টেকসই অর্থায়ন সংক্রান্ত বিষয়ে জ্ঞান অর্জনের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে এ কর্মশালা সহায়ক ভূমিকা পালন করবে।

পূবালী ব্যাংক লিমিটেড
PUBALI BANK LIMITED



পূবালী ফ্ল্যাট লোন স্কীম
...যেখানে আমার মন পড়ে রয়
নিজের বাড়ি যেখানে আমার মন পড়ে রয়। পূবালী ফ্ল্যাট লোন স্কীম আপনার নিজের বাড়ির স্বপ্নকে বাস্তবে রূপ দেয়।
- আকর্ষণীয় সুদের হার
- সহজ শর্ত
- দ্রুত প্রসেসিং

## আমেনা-বাকী ফাউন্ডেশন (এবি ফাউন্ডেশন) কে ৫ লক্ষ টাকা অনুদান



পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদ সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে "আমেনা-বাকী ফাউন্ডেশন (এবি ফাউন্ডেশন)" কে ৫ লক্ষ টাকা অনুদান প্রদান করেছে। প্রধান কার্যালয়ে আয়োজিত এক অনাড়ম্বর অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার এমপি এবি ফাউন্ডেশন এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ডাঃ এম আমজাদ হোসেন এর কাছে অনুদানের চেক হস্তান্তর করেন। চেক হস্তান্তর অনুষ্ঠানে পূবালী ব্যাংকের ভাইস-চেয়ারম্যান হাবিবুর রহমান, পরিচালকবৃন্দ মনির উদ্দিন আহমদ, সৈয়দ মোয়াজ্জেম হুসাইন, এম. ফয়জুর রহমান, আহমদ শফি চৌধুরী, ফাহিম আহমদ ফারুক চৌধুরী, স্বতন্ত্র পরিচালক ড. শাহদীন মালিক, ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এম.এ. হালিম চৌধুরী এবং চীফ টেকনিক্যাল অফিসার ও মহাব্যবস্থাপক মোহাম্মদ আলী উপস্থিত ছিলেন।

উলেস্নখ্য, দরিদ্র জনসাধারণের শিক্ষা, স্বাস্থ্য ও চিকিৎসা সুবিধা প্রদানের ব্যবস্থা করার লক্ষ্যে একটি সম্পূর্ণ অরাজনৈতিক, অলাভজনক জনহিতকর বেসরকারী প্রতিষ্ঠান হিসেবে এ.বি. ফাউন্ডেশন কাজ করে চলেছে। এ.বি. ফাউন্ডেশনের একটি অঙ্গ প্রতিষ্ঠান আমেনা-বাকী রেসিডেন্সিয়াল মডেল স্কুল ইতোমধ্যে এই অনগ্রসর অঞ্চলের শিক্ষাপ্রসারে উলেস্নখযোগ্য ভূমিকা রাখছে। পূবালী ব্যাংক লিমিটেডের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার এমপি এই মহতী উদ্যোগের কথা উলেস্নখ করে বলেন, পূবালী ব্যাংক শুধু মুনাফা অর্জন করার জন্যই ব্যবসা করেনা, এর বাহিরে সামাজিক দায়িত্ববোধও রয়েছে। তিনি বলেন, দেশের উন্নয়নের জন্য স্বাস্থ্য, শিক্ষা খাতের উন্নয়নের বিকল্প নেই। তিনি শিক্ষা, চিকিৎসা ও সামাজিক উন্নয়নে বিভিন্ন কর্মসূচীর কথা উলেস্নখ করে বলেন, পূবালী ব্যাংকের এই

*এরপর পৃষ্ঠা ২ কলাম ২*



পূবালী ব্যাংক লিমিটেড
PUBALI BANK LIMITED

স্বপ্নপূরণ
সঞ্চয়ে হয় স্বপ্ন পূরণ
হাসিখুশি সবার জীবন